গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
প্রকল্প পরিচালকের কার্যালয়
ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প
ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮
www.minland.gov.bd

ভূমি সেবা
ডিজিটাল বদলে
যাচ্ছে দিনকাল

নম্বর: ৩১.০০.০০০০.০৯২.০১.০০৯.২১-৬২১

তারিখ : ১৩ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ / ২৮ নভেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

প্রেরক ঃ মোজাফফর আহমেদ
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প
ভূমি মন্ত্রণালয়।

প্রাপক ঃ চীফ একাউন্টস এন্ড ফিনান্স অফিসার
চীফ একাউন্টস এন্ড ফিনান্স অফিসারের কার্যালয়
ভূমি মন্ত্রণালয়, ৭১, পুরানা পল্টন, ঢাকা।

বিষয় ঃ ভূমি মন্ত্রণালয়ের ভূমি ব্যবস্থাপনা অটোমেশন শীর্ষক প্রকল্পের ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দকৃত অর্থ হতে **সিলেট** বিভাগের আওতাধীন সকল জেলা/উপজেলা পর্যায়ে ডাটা এন্ট্রি কাজ সম্পাদনের মজুরী/পারিশ্রমিক ব্যয় নির্বাহের জন্য মোট =১,৫০,০০,০০০/-(এক কোটি পঞ্চাশ লাখ) টাকা সরকারি মঞ্জুরী জ্ঞাপন প্রসঙ্গে ঃ

সুত্র ঃ
(ক) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং : ৩১.০০.০০০০.০৯২.০১.০০৯.২১-৪১ তারিখ ঃ ১৫ এপ্রিল ২০২১
(খ) এ অফিসের স্মারক নং : ৩১.০০.০০০০.০৯২.০১.০০৯.২১-৮২ তারিখ ঃ ১৯ মে ২০২১
(গ) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং : ৩১.০০.০০০০.০৯২.০২.০০৬.২১-১৩৭ তারিখ ঃ ১৩ জুন ২০২১
(ঘ) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং : ৪৩ তারিখ ঃ ৬ মে ২০২১
(ঙ) ভূমি মন্ত্রণালয়ের (৩১তম পিডি সভার) স্মারক নং : ৩১.০০.০০০০.০৫৩.০৬.০১.২১-৯৭ তারিখ ঃ ২২ নভেম্বর ২০২১

উপরিউক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, ভূমি ব্যবস্থাপনা অটোমেশন শীর্ষক প্রকল্পের পিআইসি ২য় সভার সিদ্ধান্তের আলোকে ৬১টি জেলার জেলা প্রশাসকগণের অনুকূলে (৩টি পার্বত্য জেলা ব্যতীত) তাঁর সংশ্লিষ্ট উপজেলা/মেট্রো থানা/ রাজস্ব সার্কেলের সংখ্যার আনুপাতিক হারে ডাটা এন্ট্রি কাজের মজুরী/পারিশ্রমিক বাবদ ২৫/-টাঃ হারে বিল পরিশোধের নির্দেশনার প্রেক্ষিতে অর্থ ছাড় করা হয়। অর্থ বরাদ্দ, প্রশাসনিক কাজ ও যোগাযোগের সুবিধার্থে মূলতঃ ৮টি বিভাগের জেলা প্রশাসকগণকে আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে তাঁর আওতাধীন প্রতিটি উপজেলা/মেট্রো থানা/রাজস্ব সার্কেলে গড়ে টাঃ ৮,৬৫,৫৮০/-(আট লাখ পয়ষট্টি হাজার পাঁচশত আশি টাকা) ছাড় করা হয়েছিল।

০২। ডাটা এন্ট্রির এ অর্থ ছাড়করণের নির্দেশের প্রেক্ষিতে সিলেট বিভাগের আওতাধীন **মোট ৪১টি** উপজেলা/মেট্রো থানা/সার্কেল এর জন্য মোট টাঃ ৩,৫৪,৮৮,৭৮০/- (তিন কোটি চুয়ান্ন লাখ আটাশি হাজার সাতশত আশি টাকা মাত্র) বরাদ্দ প্রদান করা হয়েছিল। জেলা প্রশাসকগণের দেয়া তথ্য মতে এ খাতে মোট ২,৮০,২৭,১৬০/- টাকা ব্যয় করা হয়েছে।

বর্তমান ২০২১-২০২২ অর্থ-বছরে নিম্নলিখিত ছকে সিলেট বিভাগের জেলাভিত্তিক বরাদ্দ নির্ধারণ করা হলো।

| ক্রমিক | বিভাগের নাম | জেলার নাম | ২০২০-২০২১ অর্থ-বছরে বরাদ্দকৃত টাকা | ২০২০-২০২১ অর্থ-বছরের ব্যয় | ২০২১-২০২২ অর্থ-বছরের বরাদ্দকৃত টাকা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | সিলেট | হবিগঞ্জ | ৭৭,৯০,২২০ | ৯৫,২৮,০৪০ | ৪০,০০,০০০ |
| ০২ | | মৌলভীবাজার | ৬০,৫৯,০৬০ | ৪৬,৩৯,৬১০ | ৩০,০০,০০০ |
| ০৩ | | সুনামগঞ্জ | ৯৫,২১,৩৮০ | ৫২,৫৫,৭৩০ | ৪০,০০,০০০ |
| ০৪ | | সিলেট | ১,২১,১৮,১২০ | ৮৬,০৩,৭৮০ | ৪০,০০,০০০ |
| | | মোট ০৪ টি জেলা | ৩,৫৪,৮৮,৭৮০ | ২,৮০,২৭,১৬০ | ১,৫০,০০,০০০ |

০৩। বর্ণিত অবস্থায় সরকারি আর্থিক বিধি-বিধান অনুসরণ করে উপজেলা পর্যায়ে ডাটা এন্ট্রির ব্যয় নির্বাহের জন্য সিলেট বিভাগের জেলা প্রশাসকগণের অনুকূলে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ১,৫০,০০,০০০/- (এক কোটি পঞ্চাশ লাখ) টাকা বরাদ্দ করার জন্য নির্দেশিত হয়ে এ আর্থিক মঞ্জুরী জ্ঞাপন করছি।

**শর্তসমূহ ঃ**

(১) এ ব্যয় বর্তমান ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের ১৪৬-ভূমি মন্ত্রণালয়ের, ১৪৬০১-প্রাতিষ্ঠানিক কোড এর আওতায় ২২৪৩২৩১০০-ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পে মূলধন ব্যয় বরাদ্দ যা বাজেটের ৪১১৩ -অন্যান্য স্থায়ী সম্পদ শিরোনামে, ৪১১৩৩০২-ডাটাবেজ অর্থনৈতিক কোড হতে বহন করা হবে।

(২) উপজেলা পর্যায়ে ডাটা এন্টির মজুরী বিল পরিশোধের জন্য এ অর্থ ছাড় করা হলো। বরাদ্দকৃত টাকা জেলা প্রশাসক তাঁর আওতাধীন উপজেলার অনুকূলে বিল ভাউচারের মাধ্যমে প্রয়োজন মোতাবেক অর্থ ছাড় ও সমন্বয় করতে পারবেন। সরকারের প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরণ করে প্রতিটি পূর্ণাঙ্গ ডাটা এন্ট্রি কাজের জন্য নির্ধারিত (২৫/-টাঃ) হারে কাজের মজুরী/বিল পরিশোধ করতে হবে। উল্লেখ্য বিলুপ্ত/স্থগিত/বাতিল হোল্ডিং এর কোন ডাটা এন্ট্রি করা যাবে না এবং আংশিক বা অসম্পূর্ণ ডাটা এন্ট্রির জন্য কোন বিল পরিশোধ করা যাবে না।

(৩) এ বরাদ্দের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন এবং বিধি-বর্হিভূত সকল উত্তোলন/খরচের জন্য দায়ী থাকবেন। এ অর্থ ব্যয় সংক্রান্ত যাবতীয় হিসাব বিবরণী বিধি মোতাবেক বিল ভাউচারসহ সকল কাগজপত্র নিরীক্ষার জন্য তাঁর অফিসে সংরক্ষণ করবেন।

(৪) এ খাতের বরাদ্দকৃত অর্থ ডাটা এন্ট্রির কাজের মজুরী/বিল ব্যতীত অন্য কোন খাতে/ কাজে ব্যয় করা যাবে না এবং ৩০শে জুন, ২০২২ এর মধ্যে ডাটা এন্ট্রি সমাপ্ত করতঃ উপজেলাওয়ারী এর হিসাব ও উত্তোলিত অব্যয়িত অর্থ বিধি মোতাবেক সরকারী কোষাগারে **(অনলাইন)** চালানের মাধ্যমে জমা/সমর্পণ করতে হবে। উল্লেখ্য যে বরাদ্দকৃত অর্থের হিসাব বিবরণী প্রতিবেদন না পাওয়া গেলে পরবর্তীতে এ খাতে কোন অর্থ ছাড় করা হবে না।

(৫) এ বিষয়ে একটি সংক্ষিপ্ত **গাইড লাইন বিদ্যমান রয়েছে** এবং ভূমি মন্ত্রণালয়ের www.minland.gov.bd ওয়েবসাইটে এ আর্থিক মঞ্জুরী আদেশ ও গাইড লাইন পাওয়া যাবে।

(৬) ডাটা এন্ট্রির ব্যয়িত-অব্যয়িত উত্তোলিত অর্থের হিসাবসহ পূর্ণাঙ্গ প্রতিবেদন নির্ধারিত ছকে ৩০শে জুন ২০২২ এর মধ্যে (১) প্রকল্প পরিচালক, ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প, ভূমি ভবন, ৯৮ শহীদ তাজউদ্দীন আহমদ সরণী, তেজগাঁ, ঢাকা-১২০৮, ই-মেইলঃ pdlandautomation@gmail.com (২) সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (৩) ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, ৯৮ শহীদ তাজউদ্দীন আহমদ সরণী, তেজগাঁ,ঢাকা-১২০৮ বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে।

(৭) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২৪ শে আগষ্ট ২০২০ তারিখের ০৭.০০.০০০০.১৫১.২২.০০৩.১৫ (অংশ-১) - ৩৭ নম্বর স্মারকে ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন 'ভূমি ব্যবস্থাপনা অটোমেশন' শীর্ষক প্রকল্পের আর্থিক ক্ষমতা বলে এ মঞ্জুরী আদেশ জারী করা হলো।

০৪। চীফ একাউন্টস এন্ড ফিনান্স অফিসার তাঁকে সিলেট বিভাগের জেলাসমূহের অনুকূলে এই মঞ্জুরীপত্র অগ্রায়ন/এনড্রোস করার জন্য অনুরোধ করা হলো।

২৮/১১/২০২১

মোজাফফর আহমেদ
(যুগ্মসচিব)
প্রকল্প পরিচালক
ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প
ফোন: ০২-৮১৭০১৬৭(অফিস)
ই-মেইল ঃ pdlandautomation@gmail.com

নম্বর: ৩১.০০.০০০০.০৯২.০১.০০৯.২১-৬২১

তারিখ : ১৩ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ
২৮ নভেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ**

১। সচিব,ভূমি মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। চেয়ারম্যান,ভূমি সংস্কার বোর্ড, ৯৮ শহীদ তাজউদ্দীন আহমদ সরণী,তেজগাঁ,ঢাকা-১২০৮।
৩। বিভাগীয় কমিশনার, সিলেট।
৪। অতিঃ সচিব (উন্নয়ন),ভূমি মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৫। জেলা প্রশাসক (সকল) সিলেট বিভাগ। তাঁর অধীনস্থ সহকারী কমিশনার (ভূমি)গণকে বরাদ্দপত্রের অনুলিপি সরবরাহ নিশ্চিত করা জন্য অনুরোধ করা হলো।
৬। সহকারী কমিশনার (ভূমি), সিলেট বিভাগের সকল উপজেলা।
৭। সিস্টেম এনালিষ্ট, অটোমেশন প্রকল্প/ভূমি মন্ত্রণালয়। তাঁকে সরকারি মঞ্জুরী পত্রটি অটোমেশন প্রকল্পের/মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড এবং বিভাগওয়ারী জেলা প্রশাসকগণের ই-মেইলে প্রেরণ নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।
৮। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা সিলেট বিভাগের সকল জেলা।
৯। অফিস কপি/মাস্টার ফাইল।

২৮/১১/২০২১

মোজাফফর আহমেদ
(যুগ্মসচিব)
প্রকল্প পরিচালক
ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প
ফোন: ০২-৮১৭০১৬৭(অফিস)
ই-মেইল ঃ pdlandautomation@gmail.com